# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 01-01-2025 Time: 7.35 A.M.**

**বিশেষ বিশেষ খবরঃ-**

1) পুরনো বছরকে ফেলে এসে শুরু হলো নতুন ইংরেজী বছর ২০২৫-এর পথ চলা। মধ্যরাতে বর্ষবরণের আনন্দে উচ্ছাসে মাতোয়ারা মানুষ।

2) জানুয়ারী মাসে ফের দুয়ারে সরকার কর্মসূচীর আয়োজন করেছে রাজ্য সরকার।

3) মুখ্যমন্ত্রী বাংলার বাড়ির জন্য ১২ লক্ষ মানুষকে যে টাকা দিচ্ছেন, তা কেন্দ্রীয় সরকারের থেকে ঋণ নেওয়া অর্থ বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী দাবি করেন।

4) কল্পতরু উৎসবকে ঘিরে আজ কাশীপুর উদ্যানবাটি, বেলুড়মঠ সহ রামকৃষ্ণ মিশনের বিভিন্ন প্রতিষ্ঠানে ভোর থেকেই ভক্তদের উপচে পড়া ভীড়।

5) রেলের ট্রেন চলাচলের পরিবর্তিত সময়সূচী আজ থেকে চালু হচ্ছে। হাওড়া থেকে সিঙ্গুরের মধ্যে চলাচলকারী দুটি লোকাল ট্রেন তারকেশ্বর ও হরিপাল পর্যন্ত সম্প্রসারিত হয়েছে।

6) সন্তোষ ট্রফির ফাইনালে কেরালাকে ১-০ গোলে হারিয়ে ফের ভারত সেরা বাংলা। মুখ্যমন্ত্রী বাংলা দলকে অভিনন্দন জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০

পুরোন বছরকে পিছনে ফেলে মধ্যরাতে ইংরেজি নববর্ষ ২০২৫-কে স্বাগত জানাতে কলকাতা সহ, রাজ্যজুড়ে বর্ষবরণকে ঘিরে দেখাগেল মানুষের বাঁধভাঙা উচ্ছ্বাস। নতুন বছরকে স্বাগত জানাতে আয়োজন করা হয় নানা অনুষ্ঠানের। ঘড়ির কাটায় রাত বারোটা বাজার সঙ্গে সঙ্গে আতশবাজি ও গির্জার ঘন্টা ধ্বনি র মধ্য দিয়ে নতুন বছরের সূচনা হয়। বর্ষ বরণের রাতে কলকাতার পার্ক স্ট্রিট ,এলেন পার্ক সেজে ওঠে আলোক মালায়। ছোট থেকে বড় নানা বয়সের মানুষ ভিড় জমান পার্ক স্ট্রিটে। কচিকাঁচারাও রংবেরঙের পোশাক পরে বর্ষবরণ উৎসবের রাতে সামিল হয়েছে পার্ক স্ট্রিটে।নতুন বছরকে স্বাগত জানাতে আলোর মালায় সেজে উঠেছে গোটা মহানগরী।

বর্ষবরণ উৎসব উপলক্ষে হোটেল, রেস্তোরাঁ গুলো বর্ণময় আলোক মালায় সেজে ওঠে । সেখানে ছিল নানা স্বাদের খাবারের আয়োজন। ইকোপার্ক, নিকো পার্ক সহ বিভিন্ন দ্রষ্টব্য স্থানগুলিও আলোক মালায় সেজে উঠেছে।

বর্ষবরণ উৎসব নির্বিঘ্ন করতে শহর কলকাতাতে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে। মোতায়েন রয়েছে চার হাজার পুলিশ। এছাড়া সাদা পোশাকের পুলিশ শহর জুড়ে নজরদারিতে রয়েছে।

রাজ্যে জঙ্গি গ্রেফতার এর মত ঘটনার প্রেক্ষিতে কলকাতা পুলিশ শহরে বাড়তি সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করেছে। শহরের বিভিন্ন জায়গায় বিশেষ বাহিনী মোতায়েন করা হয়েছে। হোটেল রেস্তোরাগুলিকেও নজরদারিতে রাখা হয়েছে। বর্ষবরণ উৎসব উপলক্ষে যেকোনো ধরনের অভব্য আচরণ রুখতে কড়া পুলিশি নজরদারি চলেছে।

শহরের রাস্তায় টহল দিচ্ছে কলকাতা পুলিশের বিশেষ ফ্লাইং স্কোয়াড। বর্ষবরণ উপলক্ষে অতিরিক্ত যাত্রী ভিড় সামাল দিতে বর্ষবরণ রাতে বিশেষ ট্রেন চালানোর ব্যবস্থা ছিল মেট্রোরেলের।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

নতুন আশা আকাঙ্খা নিয়ে শুরু হল ইংরেজী নববর্ষ ২০২৫। বিগত বছর ২০২৪ ছিল বিভিন্ন দিক থেকে নানা বৈচিত্র্যে পূর্ণ ।

একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট)

০০০০০০০০০০০০০০০০০০০০০০

জানুয়ারি মাসে রাজ্য সরকার ফের দুয়ারে সরকার কর্মসূচি আয়োজন করছে। সোমবার সন্দেশখালির দিবস থেকে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি এই ঘোষণা করেছেন। ২৬ তারিখের পর জানুয়ারি মাসের শেষ সপ্তাহ ও ফেব্রুয়ারি মাসের প্রথম সপ্তাহ জুড়ে চলবে দুয়ারে সরকার কর্মসূচি। প্রত্যন্ত এলাকায় এই কর্মসূচি নেওয়া হবে।

এদিকে মুখ্যমন্ত্রীর ঘোষণার পর রাজ্য সরকারের তরফে শিবির আয়োজনের প্রস্তুতি শুরু হয়েছে। রাজ্য সরকারের পক্ষ থেকে ১২ লক্ষ মানুষকে বাংলার বাড়ির জন্য প্রথম কিস্তির টাকা প্রদান করা হয়েছে বলেও মুখ্যমন্ত্রী জানিয়েছেন। দেড় বছরের মধ্যে আরও ১৬ লক্ষ মানুষ বাংলার বাড়ির টাকা পাবেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

মুখ্যমন্ত্রী বাংলার বাড়ির জন্য ১২ লক্ষ মানুষকে যে টাকা দিচ্ছেন, তা কেন্দ্রীয় সরকারের থেকে ঋণ নেওয়া অর্থ বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী দাবি করেছেন। গতকাল সন্দেশখালির বিএলআরও মাঠে বিজেপি-র সদস্যতা অভিযান ও জনসংযোগ কর্মসূচীর সভায় শুভেন্দুবাবু একথা বলেন।

(বাইট – শুভেন্দু)

তৃণমূল কংগ্রেসের রাজ্য সম্পাদক কুনাল ঘোষ, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর এই মন্তব্যকে কটাক্ষ করেছেন।

(বাইট – কুনাল)

০০০০০০০০০০০০০০০০০০০০০

তৃণমূল কংগ্রেসের সাতাশতম প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে আজ দলের তরফে রাজ্যজুড়ে বিভিন্ন কর্মসূচী গ্রহণ করা হয়েছে। দেশের প্রাক্তন প্রধানমন্ত্রী মনমোহন সিং এর প্রয়াণ রাষ্ট্রীয় শোক চলায় কোথাও জাতীয় পতাকা তোলা হবে না বলে দলীয় সূত্রে জানা গেছে।

দলের প্রধান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি এক্স হ্যান্ডেলে বলেছেন যে, অনেক প্রতিকূলতা সত্ত্বেও এবছর দল পরীক্ষায় বিজয় লাভ করেছে। সাধারনের ভালোবাসা আর সংহতির জন্যেই তা সম্ভব হয়েছে বলে মুখ্যমন্ত্রী জানান।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

১৮৮৬ সালের পয়লা জানুয়ারি কাশীপুর উদ্যানবাটিতে রামকৃষ্ণ পরমহংসদেব, গিরিশ ঘোষ সহ ৩০ জন গৃহী ভক্তকে আশীর্বাদ করে বলেছিলেন 'তোমাদের চৈতন্য হোক।'ঠাকুরের এই আশীর্ব্বাণীকে  স্মরণ করে শুরু হয় কল্পতরু উৎসব ।কাশীপুর উদ্যানবাটিতে আজ ভোর থেকেই ভক্তদের ভিড় উপচে পড়েছে। দোতলা বাড়ির যে ঘরটিতে রামকৃষ্ণ পরমহংসদেব অধিষ্ঠান করতেন, সেই ঘরে পুষ্পার্ঘ্য দিয়ে প্রণাম জানাচ্ছেন ভক্তরা।এই উপলক্ষে বেলুড় মঠ সহ রামকৃষ্ণ মিশনের অন্যান্য প্রতিষ্ঠানে অগণিত মানুষ উপস্থিত হয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০

আকাশবাণী কলকাতা সংবাদ বিভাগের বিভিন্ন পদে ক্যাজুয়াল চুক্তিভিত্তিক নিয়োগের লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশিত। সফল পরীক্ষার্থীদের নামের

তালিকা আকাশবাণী ভবনের রিসেপশন এবং সংবাদ বিভাগের সামনে টাঙানো থাকবে। আকাশবাণী কলকাতা সংবাদ বিভাগের সমস্ত সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মেও এই তালিকা দেখতে পাওয়া যাবে।

০০০০০০০০০০০০০০০০০০০০

রেলের অন্যান্য জোনের মত পূর্ব, দক্ষিণ-পূর্ব, এবং উত্তর পূর্ব সীমান্ত রেলের ট্রেন চলাচলের পরিবর্তিত সময় সূচী আজ থেকে চালু হচ্ছে। নতুন সময় সুচিতে উল্লেখযোগ্যভাবে এরাজ্যের পূর্ব রেলের হাওড়া থেকে সিঙ্গুরের মধ্যে চলাচলকারী দুটি লোকাল ট্রেনের এর একটিকে তারকেশ্বর ও অন্যটিকে হরিপাল পর্যন্ত সম্প্রসারিত করা হয়েছে।

এছাড়া একটি কৃষ্ণনগর - রানাঘাট স্পেশাল আজ থেকে নিয়মিত নম্বর নিয়ে সারাবছর চলবে। পূর্ব রেলের প্রিন্সিপাল চিফ কমার্শিয়াল ম্যানেজার উদয় শঙ্কর ঝা গতকাল কলকাতায় এক সাংবাদিক বৈঠকে পূর্ব রেলের ট্রেন চলাচলের পরিবর্তিত নতুন সময় সূচি ঘোষণা করেন। তিনি বলেন, বেশ কিছু সেকশনে তৃতীয় ও চতুর্থ লাইন চালু হওয়া, ট্র্যাকের উন্নতিসাধন এবং সমস্ত প্রক্রিয়ার আধুনিকীকরণের জন্য ট্রেনের গতি বৃদ্ধি পাচ্ছে, এর ফলে গন্তব্যে পৌঁছানোর সময়ও কম হচ্ছে। ৭২-টি মেল এক্সপ্রেস সুপার ফাস্ট ট্রেনের যাত্রার সময় পূর্ব রেলের এলাকায় ৫ থেকে ৫৫ মিনিট কম হচ্ছে, পাশাপাশি EMU/ MEMU/ DEMU সহ ৮ টি প্যাসেঞ্জার ট্রেনের যাত্রার সময় ৬ থেকে ২০ মিনিট হ্রাস পাচ্ছে বলে তিনি জানান। তিনি বলেন, ৪২ টি গুরুত্ব পূর্ন দূরপাল্লা ট্রেন, ৮৬ টি প্যাসেঞ্জার ট্রেন, ৪৪ টি ডেমু, ও ১৪৬ টি MEMU প্যাসেঞ্জার ট্রেন পরিবর্তিত সময় সূচি অনুসারে আজ থেকে চলবে বলে শ্রী ঝা জানিয়েছেন।

এদিকে, উত্তর পূর্ব সীমান্ত রেলের পরিবর্তিত নতুন সময় সূচি অনুসারে ৪৩টি ট্রেনের গতি বৃদ্ধি করা হয়েছে এর ফলে প্রধান প্রধান রুটগুলিতে ভ্রমণের সময় উল্লেখযোগ্যভাবে হ্রাস পাবে।

০০০০০০০০০০০০০০০০০০০০

চুক্তিভিত্তিক সিনিয়র চিকিৎসকরা যদি গ্রামে নির্দিষ্ট সময়ের জন্য চিকিৎসা পরিষেবা দিতে না যান, তাঁদের বেতন বন্ধ হয়ে যাবে। এই মর্মে আদেশনামা জারি করেছে স্বাস্থ্যদপ্তর। তাতে রাজ্যের সব মেডিক্যাল কলেজের অ্যাকাউন্ট অফিসারদের নির্দেশ দেওয়া হয়েছে জেলা, মহকুমা, স্টেট জেনারেল বা গ্রামীণ হাসপাতালে নির্ধারিত সময়ে বন্ড সার্ভিসের চিকিৎসকরা না গেলে তাঁদের ভাতা বন্ধ করে দিতে হবে। প্রসঙ্গত বন্ড সার্ভিসের তিন বছর এসআ'রা মাসে ৬৫ থেকে ৭৫ হাজার টাকা করে ভাতা পান।

পাশের পর স্বাস্থ্যদপ্তরের অধীনে কর্মরত সিনিয়র রেসিডেন্ট ডাক্তারদের সংখ্যা ১ হাজার ১০০'র বেশি। তাঁদের ক্ষেত্রেই নয়া আদেশনামা কার্যকর হচ্ছে। পাশাপাশি, যেসব মেডিক্যাল কলেজে তাঁরা পড়ছেন, সেখানকার অধ্যক্ষ- উপাধ্যক্ষরাও শাস্তির মুখে পড়তে পারেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০

সিমলিপালের জঙ্গল থেকে আসা বাঘিনী জিনাতকে ধরতে রাজ্য সরকারের ৩৫ লক্ষ টাকার বেশি খরচ হয়েছে। বনমন্ত্রী বীরবাহা হাঁসদা বলেন বাঘটির হানায় যে সব গ্রামবাসীর গৃহপালিত পশুর মৃত্যু হয়েছে তাদের সবাইকে ক্ষতিপূরন দেওয়া হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

ফুটবলে ফের ভারত সেরা হলো বাংলা। গতকাল হায়দ্রাবাদের বালাযোগী স্টেডিয়ামে সন্তোষ ট্রফির ফাইনালে কেরালাকে ১-০ গোলে হারিয়ে বাংলা চ্যাম্পিয়ান হয়। একটি প্রতিবেদন -

(ভয়েসকাস্ট – অরিজিত)

সন্তোষ ট্রফি জয়ে বাংলার ফুটবল দলকে শুভেচ্ছা জানিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। ক্রীড়ামন্ত্রী অরূপ বিশ্বাস ও সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০